

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www nbr.gov.bd](http://www nbr.gov.bd)

নথি নং-০৮.০১.০০০০.০১৪.০৭.০১১.১৩- / ২৮(১৯)  
পরিপত্র

তারিখ : ২২.১০.২০১৭ খ্রি:

বিষয়ঃ বেতন প্রেড-১১ থেকে ২০ এ কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের আন্তঃ কমিশনারেটে বদলীর আবেদন জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রায়ন না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হ'ল। বিভিন্ন কমিশনারেটে বেতন প্রেড-১১ থেকে ২০ এ কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীগণ সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুসারে সংশ্লিষ্ট কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরের জন্য নিয়োগ প্রাপ্ত হোন। কমিশনারগণই তাদের নিয়োগকারী কর্তৃপক্ষ তাই এ শ্রেণীর কর্মচারীদের আন্তঃ কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরে বদলী নিয়ম বহির্ভূত। এছাড়া তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের আন্তঃ কমিশনারেটে বদলী না করার জন্য গত ১৬/০৬/২০১৩ খ্রি তারিখে অনুষ্ঠিত ৪৬ বোর্ড সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যা প্রতিপালনীয়। এধরণের আবেদন প্রেরণের ফলে বিব্রতকর পরিস্থিতি উভব হয়।

০২। এমতাবস্থায়, বেতন প্রেড-১১ থেকে ২০ এ কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের আন্তঃ কমিশনারেট/ অধিদপ্তর/ পরিদপ্তরের বদলীর আবেদন জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রায়ন না করার জন্য সংশ্লিষ্টদের অবহিত করা হ'ল।

সংযুক্তঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৮(১০)১৭  
(মোঃ সুলতান আহমদ)  
দ্বিতীয় সচিব (শংভংপ্রঃ-৮)  
ইমেইল- sahamed146@yahoo.com

বিতরণঃ

- ১-৬। কমিশনার, শুল্ক ভবন, ঢাকা/(আইসিডি) কমলাপুর, ঢাকা/চট্টগ্রাম/মৎস্য/বেনাপোল/পানগাঁও।
- ৭-১৭। কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/সিলেট।
- ১৮। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ১৯। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ২০-২১। কমিশনার, কাস্টমস্ বড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ২২-২৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপীল), ঢাকা-১/ ঢাকা-২/ খুলনা/ চট্টগ্রাম।
- ২৬। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১৬০/এ, কাকরাইল, ঢাকা।
- ২৭। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যার্পণ পরিদপ্তর, ৩২ তোপখানা রোড, ঢাকা।
- ২৮। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।
- ২৯। মহাপরিচালক, শুল্ক, আবগারী ও ভ্যাট, ট্রেনিং একাডেমী, সাগরিকা রোড, চট্টগ্রাম।
- ৩০। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে উক্ত পরিপত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য ও সংশ্লিষ্টদের গ্রহণ ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

নথি নং-০৮.০১.০০০০.০১৪.০৭.০১০.১৬-

তারিখ : ২২.১০.২০১৭ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্যঃ  
০১। পিএ টু সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(মোঃ সুলতান আহমদ)  
দ্বিতীয় সচিব (শংভংপ্রঃ-৮)